

প্রিয় শিক্ষক নিবন্ধন পরীক্ষার্থী, নিবন্ধনধারী চাকুরী প্রার্থী, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির সভাপতি ও সদস্যগণ
এবং এতদসংশ্লিষ্ট সকলের উদ্দেশ্যে খোলা চিঠি

আপনারা সকলেই আমার শুভেচ্ছা গ্রহণ করুন। আমি এ খোলা চিঠির মাধ্যমে অত্র কর্তৃপক্ষের কার্যক্রম সম্পর্কে কিছু তথ্য আপনাদের অবহিত করতে চাই। আপনারা অবগত আছেন যে, ২০০৫ সালে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠার পর থেকে এ প্রতিষ্ঠানটির প্রধান কাজ ছিল জাতীয়ভাবে বিষয়ভিত্তিক প্রতিযোগিতামূলক পরীক্ষা আয়োজনের মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক হতে আগ্রহী প্রার্থীদের নিবন্ধনপূর্বক সনদ প্রদান করা। এ লক্ষ্যে এ পর্যন্ত ১টি বিশেষসহ ১-১২তম মোট ১৩টি শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সনদ প্রদান করা হয়েছে এবং ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ১৭২৫৪ জন প্রার্থীর সনদ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। আপনারা আরও অবহিত আছেন যে, এই সনদ চাকুরী প্রদানের নিশ্চয়তা প্রদান করেনা, বরং একজন প্রার্থী কর্তৃক এ সনদ প্রাপ্তি চাকুরী প্রাপ্তির ক্ষেত্রে একটি পূর্বশর্ত অর্জনের স্বীকৃতি প্রদান করে মাত্র।

প্রসঙ্গতঃ উল্লেখ্য, ইতোপূর্বে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটিসমূহ কর্তৃক শিক্ষক বাছাই, নিয়োগ সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণ করা হতো এবং অনেক ক্ষেত্রেই সেখানে মেধার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হতো না মর্মে অভিযোগের প্রেক্ষিতে ২০১৫ সালের ৩০ ডিসেম্বর সরকার এন্ড্রি লেভেলে শিক্ষক নিয়োগের জন্য অনলাইনে শিক্ষা প্রতিষ্ঠান হতে চাহিদা গ্রহণ এবং নিবন্ধন সনদধারীদের নিকট হতে আবেদন গ্রহণের মাধ্যমে সরকার নির্ধারিত শর্তাবলীর আওতায় মেধার ভিত্তিতে শিক্ষক নিয়োগের জন্য সুপারিশের দায়িত্ব এনটিআরসিএকে প্রদান করে। তদপ্রেক্ষিতে এনটিআরসিএ হতে জুন ২০১৬ তে প্রথমবারের মত দেশের বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে চাহিদা গ্রহণ করে প্রাপ্ত ২,৪৯,৫০২ জন আবেদনকারীর মধ্য হতে অক্টোবর ২০১৬ তে ১২,৬১৯ জন শিক্ষক প্রার্থীকে এন্ড্রি লেভেলে শিক্ষক নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে। উক্ত সুপারিশ প্রদানের সময় শিক্ষা মন্ত্রণালয়ের ঘোষিত নিয়ম অনুসরণ করে ১ থেকে ১২তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ সনদধারীদের মধ্য হতে ২,৪৯,৫০২ জন আবেদনকারীর সংশ্লিষ্ট প্রতিটি পদের জন্য আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট বিষয়ে লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ১০০% সততা ও স্বচ্ছতার সাথে পরিপত্র নির্ধারিত পদ্ধতি অনুসরণ করত: অনলাইনে মেধাক্রম বিশ্লেষণের পর বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে। কোন প্রকার তদবির ব্যতিরেকে স্বচ্ছ প্রক্রিয়ায় এনটিআরসিএ কর্তৃক নিয়োগের সুপারিশ কার্যক্রমটি সর্বমহলের সাধুবাদ অর্জন করেছে। এনটিআরসিএ তার সার্বিক কার্যক্রমে সততা, নিষ্ঠা এবং আন্তরিকতার এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। শিক্ষক পদে সুপারিশের সার্বিক কার্যক্রমটি Teletalk Bangladesh Limited এর মাধ্যমে সম্পূর্ণ অনলাইনে সম্পন্ন হয়েছে। এক্ষেত্রে ফলাফল প্রভাবিত করা অথবা ফলাফলে কারো ব্যক্তিগত হস্তক্ষেপের কোন সুযোগ নাই। আমি উপর্যুপরি সংশ্লিষ্ট সকলকে দুই লোকের প্রচারণা এবং প্ররোচনায় বিভ্রান্ত না হতে অনুরোধ করছি। সম্প্রতি ঘোষিত ১৪তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় পূর্বের বছরের তুলনায় প্রায় ১৫০% এর অধিক (৯.২৪ লক্ষ) প্রার্থী আবেদন করেছেন যা আমাদের কার্যক্রমে সর্বসাধারণের বিপুল আস্থার বহিঃপ্রকাশ। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় ৬ লক্ষ ২ হাজার ৩৩ জন প্রার্থী আবেদন করেছিল। সংশ্লিষ্ট সকলকে আমি পুনরায় আশ্বস্ত করতে চাই যে, আগামীতেও এবারের মতো অনুষ্ঠিত সকল শিক্ষক নিবন্ধন পরীক্ষা এবং শিক্ষক নিয়োগের জন্য বাছাই প্রক্রিয়া ১০০% সততা ও স্বচ্ছতার সাথে সম্পাদন করা হবে। এ বিষয়ে আপনাদের কোন পরামর্শ থাকলে তা আমাদেরকে জানানোর জন্য অনুরোধ করছি।

মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে প্রথমবারের মত অত্র কর্তৃপক্ষ সফটওয়্যারে বিভিন্ন অ্যালগোরিদম ব্যবহার করে অনলাইনভিত্তিক বাংলাদেশের সর্ববৃহৎ শিক্ষক নিয়োগ কার্যক্রম সম্পাদন করতে যেয়ে যে চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে; তাতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতার জন্য আমরা কৃতজ্ঞ। মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় শিক্ষামন্ত্রী এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মহোদয়কে আমাদের কার্যক্রমে আস্থা রাখাসহ সকল প্রকার সহযোগিতার জন্য আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাই। আপনারা আমাদের সাথে থেকে আমাদের পথ চলায় উৎসাহিত করবেন এ আশাবাদ ব্যক্ত করছি। পরিশেষে আমাদের কার্যক্রম পরিচালনায় পূর্বের মত ভবিষ্যতেও আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি। শিক্ষা মন্ত্রণালয় অধীনস্থ একটি দুর্নীতিমুক্ত প্রতিষ্ঠান হিসেবে আমরা নিজেদের কার্যক্রমকে সুপ্রতিষ্ঠিত করতে চাই এবং আগামীতেও এ ধারা অব্যাহত থাকবে মর্মে আমি আশাবাদ ব্যক্ত করছি। আপনাদের সকলের সুস্বাস্থ্য কামনা করছি।